



ইয়ামালের জাদুতে সৌদি আরবকে ৪-০ গোলে হারাল স্পেন



ছবি: সংগৃহীত

রোববার (২১ জুন) আটলান্টায় সৌদি আরবের বিপক্ষে ম্যাচের ১০ মিনিটে গোল করে বিশ্বকাপে নিজের প্রথম গোল দেখা পেয়েছেন লামিনে ইয়ামাল। মিকেল ওয়ারসাবালের ক্রস থেকে করা এই গোলেই এগিয়ে যায় স্পেন। একই সঙ্গে বিশ্বকাপে দলের দীর্ঘ ২৯৯ মিনিটের গোলখরারও অবসান ঘটে।

২০২২ বিশ্বকাপে জাপানের বিপক্ষে আলভারো মোরাতার গোল পর আর জালের দেখা পায়নি স্পেন। মরক্কোর বিপক্ষে ১২০ মিনিট, কেপ ভার্দের বিপক্ষে ৯০ মিনিট এবং সৌদি আরব ম্যাচের প্রথম ১০ মিনিট মিলিয়ে দীর্ঘ অপেক্ষার পর আবার বিশ্বকাপে গোল পেল ইউরো চ্যাম্পিয়নরা। এটি স্পেনের বিশ্বকাপ ইতিহাসের সবচেয়ে দীর্ঘ গোলখরা ছিল।

চোট কাটিয়ে শুরু একাদশে ফিরেই ম্যাচে ছাপ রাখেন ইয়ামাল। তার গোল পর আরও আক্রমণাত্মক হয়ে ওঠে স্পেন। ওয়ারসাবাল জোড়া গোল করলে বিরতির আগেই ৩-০ ব্যবধানে এগিয়ে যায় দলটি। দ্বিতীয়ার্ধে সৌদি আরবের একটি আত্মঘাতী গোলে ব্যবধান ৪-০ হয় এবং শেষ পর্যন্ত সেই ফল নিয়েই মাঠ ছাড়ে স্পেন।

বিশ্বকাপে প্রথম গোল পাশাপাশি জাতীয় দলের হয়ে নিজের গোলসংখ্যা সাতে নিয়ে গেলেন ইয়ামাল। ইউরো জয়ের পর এবার বিশ্বকাপের মঞ্চও গুরুত্বপূর্ণ অবদান রেখে স্পেনের আক্রমণের অন্যতম ভরসা হিসেবে নিজেকে আরও একবার প্রমাণ করলেন এই তরুণ তারকা।